নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২ং ১৬ সেপ্টেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে কৃষি ও মৎস্য গবেষণা নিয়ে ইনসেপশন ওয়ার্কশপ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কৃষি ও মৎস্য গবেষণা নিয়ে ইনসেপশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস (BAS) এর সহযোগিতায় এবং নোবিপ্রবি এগ্রিকালচার ও ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের যৌথ আয়োজনে ‘BAS-USDA Endowment Program (6$^{th}$ Phage Project)’ শীর্ষক এ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। আজ মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) এর সেমিনার কক্ষে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

এতে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বিশ্ববিদ্যালয় শুধুমাত্র জ্ঞান দানের নয় বরং জ্ঞান সৃজনেরও জায়গা। নতুন জ্ঞান সৃজন করে যে আনন্দ পাওয়া যায় তা অতুলনীয়। বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস কর্তৃক কৃষি ও মৎস্য সেক্টরে পিএইচডি গবেষণা এগিয়ে নিতে নোবিপ্রবিকে যে ফান্ড প্রদান করা হয়েছে তার মাধ্যমে বিশ্ববিদ্যালয় অনেক দূর এগিয়ে যাবে। এ সময় তিনি বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস এর ফেলোদের উদ্দেশ্যে বলেন, নোবিপ্রবিকে প্রদান করা আপনাদের এই ফেলোশিফ বৃথা যাবে না এবং আমরা এর সর্বোত্তম ব্যবহার করবো। ভবিষ্যতেও আমাদের বিশ্ববিদ্যালয়ের প্রতি সুদৃষ্টি রাখবেন এই প্রত্যাশা করছি।

নোবিপ্রবি বিজ্ঞান অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) মোহাম্মদ সাইফুল আলমের সভাপতিত্বে ওয়ার্কশপে বিশেষ অতিথির বক্তব্য রাখেন নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ এবং বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস এর ফেলো ড. আবদুল লতিফ ও অধ্যাপক ড. আবু তৈয়্যব আবু আহমেদ।

ওয়ার্কশপে ফেলোশিপ প্রাপ্ত দুজন কি নোট স্পিকার তাদের প্রজেক্ট সম্পর্কিত গবেষণালব্ধ তথ্যবহুল প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তারা হলেন নোবিপ্রবি ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের অধ্যাপক ও প্রজেক্টের পিআই ড. মো. জাহাঙ্গীর সরকার এবং এগ্রিকালচার বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রজেক্টের পিআই ড. মেহেদি হাসান রুবেল।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪